

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৪০

২৭/ আদব

পরিচেছদঃ মু'মিনদের জন্য বিনয়ী ও বিনম্র হওয়ার গুরুত্ব

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ رَسُولِ اللهِ عَلَيْ قَالَ مَا مِنْ آدَمِيّ إِلا فِي رَأْسِهِ حِكْمَةٌ بِيَدِ مَلَكٍ فَإِذَا تَوَاضَعَ قِيلَ لِلْمَلَكِ: ضَعْ حِكْمَتَهُ وَإِذَا تَكَبَّرَ قِيلَ لِلْمَلَكِ: ضَعْ حِكْمَتَهُ

বাংলা

(৩৪৪০) (আবু হুরাইরা (রাঃ) ও) ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "প্রত্যেক মানুষের মাথায় লাগামের কড়িয়াল (মর্যাদা) আছে এক ফিরিশতার হাতে। যখন মানুষ বিনয়ী হয়, তখন ফিরিশতাকে বলা হয় যে, তুমি ওর (কড়িয়াল তুলে ধর, অর্থাৎ ওকে নিয়ন্ত্রণে রাখ এবং ওর) মর্যাদা উনীত কর। আর যখন সে অহংকারী হয়, তখন তাঁকে বলা হয় যে, ওর (কড়িয়াল ছেড়ে দাও, অর্থাৎ ওকে নিয়ন্ত্রণে রেখ না এবং ওর) মর্যাদা অবনত কর।

## ফুটনোট

(ত্বাবারানী ১২৭৬৫, বাযযার, সহীহুল জামে ৫৬৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন